পরিশুদ্ধ বলেই জামায়াতের সঙ্গে মুক্তিযোদ্ধাদের ঐক্য: অলি আহমদ



সংগৃহীত ছবি

জামায়াত পরিশুদ্ধ না হলে বীরবিক্রম ও মুক্তিযোদ্ধারা তাদের সঙ্গে জোটে যেতেন না—এমন মন্তব্য করেছেন লিবারেল ডেমোক্রেটিক পার্টির সভাপতি কর্নেল (অব.) অলি আহমদ বীরবিক্রম। তাঁর ভাষ্য, সুশাসনের লক্ষ্যেই এই ঐক্য গড়ে উঠেছে।

সোমবার রাজধানীর মগবাজারে এলডিপির কেন্দ্রীয় কার্যালয়ে আয়োজিত জরুরি সংবাদ সম্মেলনে তিনি বলেন, সাম্প্রতিক আন্দোলনে যারা কথা বলার স্বাধীনতা নিশ্চিত করেছে ও দেশকে স্বৈরাচারমুক্ত করেছে, সেই তরুণদের বড় একটি অংশ ছিল

জামায়াত-সংশ্লিষ্ট। তিনি জানান, একাত্তরে তিনি পাকিস্তানের বিরুদ্ধে যুদ্ধ করেছিলেন, আর এখন ভিন্ন সময়ের শক্তিগুলো এক কাতারে এসেছে।

অলি আহমদ স্পষ্ট করেন, এটি কোনো দলভুক্তি নয়। এলডিপি ও জামায়াত আলাদা পরিচয় বজায় রেখেই সমঝোতায় পৌঁছেছে। নির্বাচনে আসন ভাগাভাগির সিদ্ধান্ত হয়েছে—যে আসনে এক পক্ষ প্রার্থী দেবে, অন্য পক্ষ সেখানে প্রার্থী দেবে না। এলডিপির প্রতীক 'ছাতা', জামায়াতের প্রতীক আলাদা—এ বিষয়েও তিনি জোর দেন।

পররাষ্ট্রনীতি প্রসঙ্গে তিনি বলেন, ভারতের সঙ্গে বিরোধ নেই; তবে দেশের সিদ্ধান্ত দেশের মানুষই নেবে। দিল্লিতে সিদ্ধান্ত নিয়ে বাংলাদেশে বাস্তবায়নের মতো আচরণ গ্রহণযোগ্য নয়। তিনি দাবি করেন, যারা বিদেশি প্রভাবের কাছে নতিস্বীকার করছে, তাদের চিহ্নিত করে প্রতিরোধ গড়ে তুলতে হবে।